# বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

ময়মনসিংহ-২২০১


স্মারক নং- ৩৩.০৪.০০০০.১০৫.৭৯.০০১.১৯-১৪৪(ক) তারিখ : ১০/০২/২০২২ইং

## সভার নোটিশ

ইনস্টিটিউটের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এ বর্ণিত কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ/দিক নির্দেশনা/সুপারিশ প্রদানের নিমিত্ত নৈতিকতা কমিটির ৩য় সভা আগামী ১৪-০২-২০২২ ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কমিটির সকল সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

স্বা.

(মোহাম্মদ ফেরদৌস সিদ্দিকী)
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
ও
বিকল্প ফোকাল পয়েন্ট (শুদ্ধাচার)

স্মারক নং- ৩৩.০৪.০০০০.১০৫.৭৯.০০১.১৯-১৪৪(ক) তারিখ : ১০/০২/২০২২ইং

সদয় জ্ঞতার্থে ও কার্যার্থে বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে) :

১। পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (গবেষণা ও ব্যবস্থাপনা), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৩। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা-১), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৪। উপপরিচালক (অর্থ ও হিসাব), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৫। সহকারী পরিচালক,বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৬। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। সংশ্লিষ্ট নথি/মাষ্টার নথি।

১০/২/২২

উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
ও
বিকল্প ফোকাল পয়েন্ট (শুদ্ধাচার)

পত্র নং- ৩৩.০৪.০০০০.১০৫.৭৯.০০১.১৯(২)- ১৪৮ (ক)

তারিখ: ১৪/০২/২০২২ইং

১৪-০২-২০২২ইং তারিখে অনুষ্ঠিত ইনস্টিটিউটের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এ বর্ণিত কার্যক্রমসমূহ যথাসময়ে বাস্তবায়নের লক্ষ্যে সিদ্ধান্ত গ্রহণ/দিক নির্দেশনা/সুপারিশ প্রদান বিষয়ে নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মো: আনিছুর রহমান, পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| তারিখ, সময় ও সভার স্থান | : | ১৪-০২-২০২২ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকা, পরিচালক (প্রশাসন ও অর্থ)এর অফিস কক্ষ |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট-ক |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে শুদ্ধাচার কমিটির বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভার বিবেচ্য বিষয় উপস্থাপনের আহবান জানান। সভাপতি মহোদয়ের অনুমোদনক্রমে বিকল্প ফোকাল পয়েন্ট (শুদ্ধাচার) সভার বিবেচ্য বিষয় সভায় উপস্থাপন করেন। যা নিম্নে উল্লেখ করা হলোঃ

**বিবেচ্য বিষয় এক** : ইনস্টিটিউটের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এ বর্ণিত কার্যক্রমসমূহ যথাসময়ে বাস্তবায়ন।

বিবেচ্য বিষয় উপস্থাপন করে বিকল্প ফোকাল পয়েন্ট (শুদ্ধাচার) ইনস্টিটিউটের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এ বর্ণিত কার্যক্রমসমূহ কর্মপরিকল্পনা অনুযায়ী নৈতিকতা কমিটির কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করতে হবে মর্মে জানান। তিনি ইনস্টিটিউটের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ ২য় প্রান্তিকের প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে দাখিল এবং ওয়েব পেইজ আপলোডকরণ বিলম্বিত হয়েছিল মর্মে সভাকে অবহিত করেন। এ প্রেক্ষিতে তিনি সদর দপ্তরসহ সকল কেন্দ্র/উপকেন্দ্রে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর কার্যক্রমের অংশ হিসেবে ৩য় কোয়ার্টারের নৈতিকতা সংক্রান্ত কার্যক্রমসমূহ সুষ্ঠুভাবে এবং যথাসময়ে বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণের জন্য বিশেষত: ৩য় প্রান্তিকের প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে দাখিল ও ওয়েব পেইজ আপলোডকরণ নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্টগণকে অনুরোধ করেন। অত:পর সভায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা করে সর্বসম্মতিক্রমে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ০১ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ০২ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakcholders) অংশগ্রহণে সভা যথাসময়ে আয়োজন করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ০৩ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পিএসও (প্রশিক্ষন) |
| ০৪ | কর্মপরিবেশ উন্নয়নে ব্যক্তিগত স্বাস্থ্য সুরক্ষা উপকরণ বিতরণ করতে হবে। | সহকারী পরিচালক |
| ০৫ | কর্মপরিবেশ উন্নয়নে অকেজো মালামাল বিনষ্টকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক |
| ০৬ | কর্মপরিবেশ উন্নয়নে অফিস জীবানুমুক্তকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক |
| ০৭ | শুদ্ধাচার জাতীয় কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিস্টেম এনালিস্ট ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ০৮ | আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান সংক্রান্ত সভা আয়োজন করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ০৯ | ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | প্রকল্প পরিচালক, নির্বাহী প্রকৌশলী ও সিস্টেম এনালিস্ট |
| ১০ | উন্নয়ন প্রকল্পের PIC সভা আয়োজন করতে হবে। | সিএসও (পরিকল্পনা) |
| ১১ | বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন করতে হবে। | পিএসও (পরিকল্পনা-২) |
| ১২ | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করতে হবে। | সিএসও (পরিকল্পনা) ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ১৩ | ইনস্টিটিউটের বার্ষিক রিপোর্ট প্রকাশ করতে হবে। | প্রকাশনা কর্মকর্তা |
| ১৪ | ইনস্টিটিউটের আওতাধীন কেন্দ্র ও উপকেন্দ্রের পোনা বিতরণ কার্যক্রম পরিবীক্ষণ করতে হবে। | পরিচালক (গবেষণা ও পরিকল্পনা) |
| ১৫ | তথ্য বাতায়ন হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকাশনা কর্মকর্তা |
| ১৬ | ইজিপি বাস্তাবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী |
| ১৭ | অধিনস্ত দপ্তর পরিদর্শন সম্পন্ন করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |

সভায় আর কোন আলোচনা না থাকায় পরিশেষে সভাপতি মহোদয় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/২/২২

(ড. মো: আনিছুর রহমান)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
তারিখ:১৪/০২/২০২২ইং

পত্র নং- ৩৩.০৪.০০০০.১০৫.৭৯.০০১.১৯(২)- ১৪৮ (ক)

জ্ঞাতার্থে ও কার্যার্থে বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে):

১। ড. মোহসেনা বেগম তনু, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (গবেষণা ও ব্যবস্থাপনা), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
২। ড. অনুরাধা ভদ্র, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৩। জনাব সেখ রাসেল, উপ-পরিচালক (অর্থ ও হিসাব), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৪। জনাব জান্নাতুল ফেরদৌস ঝুমা, সহকারী পরিচালক (চ.দা.), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৫। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সংশ্লিষ্ট নথি/মাষ্টার নথি।

১৪/২/২২

(মোহাম্মদ ফেরদৌস সিদ্দিকী)
উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও
বিকল্প ফোকাল পয়েন্ট (শুদ্ধাচার)

# বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

**ময়মনসিংহ-২২০১**

ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন ও অর্থ)) মহোদয়ের সভাপতিত্বে অদ্য ১৪-০২-২০২২ইং তারিখে অনুষ্ঠিত ইনস্টিটিউটের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এ বর্ণিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ/দিক নির্দেশনা/সুপারিশ প্রদানের নিমিত্ত নৈতিকতা কমিটির ৩য় সভায় উপস্থিত সদস্যগণের উপস্থিতির বিবরণী:

| ক্রমিক নং | কর্মকর্তাগণের নাম ও পদবী | সংস্থার নাম | টেলিফোন/মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১. | ড. মোহসেনা বেগম তনু<br>মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা<br>(গবেষণা ও ব্যবস্থাপনা) | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ | ০১৭১১১১৫৩৩৩ | 20/2/22 |
| ০২. | ড. অনুরাধা ভদ্র<br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা<br>(পরিকল্পনা-১) | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ | ০১৭২২৩১৯৪৫২ | 20/2/22 |
| ০৩. | জনাব সেখ রাসেল<br>উপ-পরিচালক (অর্থ ও হিসাব) | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ | ০১৭০৪৭৪২২৮৮ | 20.2.22 |
| ০৪. | জনাব মোহাম্মদ ফেরদৌস সিদ্দিকী<br>উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>(গবেষণা ও ব্যবস্থাপনা) | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ | ০১৭২২৯৮৫৫২৫ | 20/2/22 |
| ০৫. | জনাব জান্নাতুল ফেরদৌস ঝুমা<br>সহকারী পরিচালক (চ:দা:) | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ | ০১৭৫৬৩১১৬৮০ | 20/2/22 |